



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২নং অরফ্যানেজ রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০১২.৪২.০০১.২৫-৮৬২

তারিখ: ০২ পৌষ ১৪৩২
১৭ ডিসেম্বর ২০২৫

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ইবতেদায়ি ৫ম ও দাখিল ৮ম শ্রেণি বৃত্তি পরীক্ষা-২০২৫ এর কেন্দ্রসচিবগণের সাথে জুম মিটিং ও মতবিনিময় সভা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ইবতেদায়ি ৫ম ও দাখিল ৮ম শ্রেণি বৃত্তি পরীক্ষা-২০২৫ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ২১.১২.২০২৫ খ্রি., রবিবার সকাল ১০:০০ টায় জুম মিটিং ও মতবিনিময় সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মিঞা মোঃ নূরুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রার প্রফেসর ছালেহ আহমাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান। জুম মিটিং এর আইডি ও পাসওয়ার্ড কেন্দ্রসচিবগণের মোবাইল নম্বরে মেসেজ এর মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেওয়া হবে। মিটিং এ বক্তব্য চলাকালীন সময় মাইক্রোফোন মিউট রাখতে হবে।

উক্ত জুম মিটিং ও মতবিনিময় সভায় ইবতেদায়ি ৫ম ও দাখিল ৮ম শ্রেণি বৃত্তি পরীক্ষা-২০২৫ এর সকল কেন্দ্র সচিবকে যথাসময়ে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোহাম্মদ আব্দুস সালাম

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৬৫২৪৮

E-mail: dcexam@bmeb.gov.bd

কেন্দ্র সচিব

বোর্ডের আওতাধীন ইবতেদায়ি ৫ম ও দাখিল ৮ম শ্রেণি
বৃত্তি পরীক্ষা-২০২৫ এর সকল কেন্দ্র।